

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অডিট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-স্বাপকম/অডিট/সভা- হাসঃপরিঃ/২০১৭/১১৯

তারিখঃ ০১-০২-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় অডিট সভা ফলপ্রসূ করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও হাসপাতাল পরিদর্শন।

সূত্রঃ নং- ১। সিএজি/রি-২/১৫৪(চম)/খন্ড-০৩/৪২৭, তারিখঃ ১৪-০৮-২০১৬খ্রিঃ।

২। স্বাপকম/অডিট/কেন্দ্র/০১৮/০৫/৭২৬, তারিখঃ ০৪-০৯-২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন বিভিন্ন প্রতিষ্ঠানের বিপরীতে এ যাবৎ বিভিন্ন নিরীক্ষায় উত্থাপিত অনিস্পন্ন পুঞ্জীভূত আপত্তিসমূহ (অগ্রিম ও সাধারণ অনুষ্পন্ন) দ্রুত নিস্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভায় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়েছে। তাই দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভা যাতে অধিকতর ফলপ্রসূ হয় সেজন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় হতে কতিপয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সে লক্ষ্যে মুন্সীগঞ্জ জেলাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের বিপরীতে উত্থাপিত অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভা আহ্বানের মাধ্যমে কিভাবে দ্রুত নিস্পত্তির ব্যবস্থা করা যায়, সে বিষয়ে একটি প্রস্তুতিমূলক সভা নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে আগামী ০৬-০২-২০১৭ তারিখ সোমবার ১১.০০ ঘটিকায় সিভিল সার্জন অফিসে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব প্রতিষ্ঠানের মোট অডিট আপত্তির সংখ্যা, নিস্পন্ন ও অনিস্পন্ন সংখ্যা এবং অডিট আপত্তিসংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত তারিখে নিম্নস্বাক্ষরকারী মুন্সীগঞ্জ সদর হাসপাতাল পরিদর্শন করবেন।

সভায় আলোচ্যসূচীঃ

- (ক) সাধারণ অনুষ্পন্ন অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে করণীয়।
- (খ) অগ্রিম অনুষ্পন্ন অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে করণীয়।
- (গ) বিবিধ।

(মসিউর রহমান)

যুগ্মসচিব


ফোনঃ ৯৫১১০২৭।

বিতরণঃ

- ১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)
 - ২। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ (উল্লিখিত সভায় আবশ্যিকভাবে সংশ্লিষ্ট সকলকের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
 - ৩। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, মুন্সীগঞ্জ।
 - ৪। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।
 - ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সকল উপজেলা), মুন্সীগঞ্জ।
- অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
- ১। অতিরিক্ত সচিব (আঃব্যঃঅঃ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
 - ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (অডিট) মসিউর রহমান আগামী ০৬.০২.২০১৭ইং সরকারী কাজে মুন্সীগঞ্জ ভ্রমণ করবেন। ভ্রমণসূচী নিম্নরূপঃ

তারিখ	কার্যক্রম	সময়	মন্তব্য
০৬.০২.২০১৭ সোমবার	ঢাকা হতে মুন্সীগঞ্জের উদ্দেশ্যে যাত্রা	সকাল ৭.০০টা	গাড়ীযোগে যাতায়াত
	মুন্সীগঞ্জ উপস্থিত	সকাল ৯.০০টা	
	জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎ	সকাল ৯.৩০টা	
	সিভিল সার্জন অফিসে অডিট সংক্রান্ত সভা	সকাল ১১.০০টা	
	সদর হাসপাতাল, মুন্সীগঞ্জ পরিদর্শন	দুপুর ১২.৩০টা	
	মুন্সীগঞ্জ হতে ঢাকার উদ্দেশ্যে যাত্রা	বিকাল ৩.০০টা	


০৬.০২.১৭
(মসিউর রহমান)
যুগ্ম সচিব